

সমকাল

ছাত্রলীগের মদের আসরে উচ্চ স্বরে গান নিয়ে সংঘর্ষ, মাথা ফাটল শিক্ষার্থীর

প্রকাশ: ২৬ আগস্ট ২২ | ২২:০৫ | আপডেট: ২৬ আগস্ট ২২ | ২২:০৫

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ঢাকা বিশ্ববিদ্যালয়ে মদের আসরে উচ্চ স্বরে গান গাওয়া নিয়ে ছাত্রলীগের দু'পক্ষে সংঘর্ষ হয়েছে। এতে ফার্সি ভাষা ও সাহিত্য বিভাগের আবদুর রহিম শান্ত নামে এক শিক্ষার্থীর মাথা ফেটে গেছে। গত বৃহস্পতিবার রাত ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের ছাদে হল ছাত্রলীগের সভাপতি কামাল উদ্দিন রানা ও সাধারণ সম্পাদক রুবেল হোসেনের অনুসারীদের মধ্যে এ সংঘর্ষ হয়েছে।

জানা গেছে, সভাপতি রানার অর্থায়নে রাত ১১টার দিকে হলের ছাদে মদের পার্টি দেন তাঁর অনুসারী থিয়েটার অ্যান্ড পারফরমেন্স স্টাডিজের মাস্টার্সের শিক্ষার্থী ফরিদ জামান। রাত ১২টা নাগাদ তাঁকে

মাতাল অবস্থায় হলের বারান্দা দিয়ে হাঁটতে দেখেন শিক্ষার্থীরা। আসর চলে রাত ১টা পর্যন্ত। অন্যদিকে একই ছাদের আরেক প্রান্তে সাধারণ সম্পাদক গ্রুপের পালি অ্যান্ড বুড্ডিস্ট বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র রাকিবুল হাসান রাহী, শান্তসহ ২০-২৫ নেতাকর্মী বিয়ারের পার্টি দেন। এ সময় পাল্টাপাল্টি উচ্চ স্বরে গান গাওয়া নিয়ে দু'পক্ষের মধ্যে বাগ্বিতণ্ডা হয়। এরই একপর্যায়ে রাহীকে চড় দেন ফরিদ। এতে সংঘর্ষ শুরু হয়। এ খবর হলে ছড়িয়ে দিলে স্টাম্প ও রড নিয়ে বেরিয়ে পড়েন অন্য নেতাকর্মীরা। পরে হল ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক এগিয়ে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন।

এ বিষয়ে কামাল উদ্দিন রানা বলেন, 'হাতাহাতি হয়নি। বন্ধুবান্ধবরা মিলে হলের ছাদে বাগ্বিতণ্ডা হয়েছে। আমরা গিয়ে থামিয়েছি। এখন সব ঠিক আছে।' রুবেল হোসেন বলেন, 'ছাদে বসাবসি নিয়ে জুনিয়রদের নিজেদের মধ্যে একটু ভুল বোঝাবুঝি হয়েছে। আমরা শুনে সমাধান করে দিয়ে এসেছি।'

সকালে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আবদুর রহিম বলেন, আমি হল পরিদর্শন করে এসেছি। ছাদে উঠা ও উচ্চ স্বরে কথা বলা নিয়ে কামেলার সূত্রপাত হয় বলে জানতে পেরেছি। পরে তারা নিজেরাই সমাধান করে নিয়েছে।

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮-৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com